



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক খাতের অগ্রগতি

নং- প্রকা/শানিব্যাউবি-১(০৪)/২০২১-২০২২/৬০৮

তারিখঃ ০৭ নভেম্বর ২০২১ খ্রিঃ

২২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ

**বিষয়ঃ কৃষি ও পল্লী ঋণ বিতরণ এবং আদায়ে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবিলা প্রসঙ্গে।**

পৃথিবী জুড়ে শিল্প ক্ষেত্রে অতি মাত্রায় কার্বন-ডাই-অক্সাইড গ্যাসসহ বিভিন্ন গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ ও বনভূমি ধ্বংসের কারণে বায়ুমন্ডলের তাপমাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ বৈশ্বিক উষ্ণায়নই জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ। ভৌগলিক কারণেই বাংলাদেশ জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে অন্যতম। তাই, কৃষিতে প্রাকৃতিক দুর্যোগ তথা জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলার জন্য নিজেরা সচেতন হওয়ার পাশাপাশি কৃষকদেরকে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করতে হবেঃ

ক) এলাকাভেদে প্রয়োজনে ঋণ বিতরণ ও আদায়ের সময়সীমায় পরিবর্তন;

খ) লবণাক্ত এলাকায় লবণাক্ততা-সহিষ্ণু ফসল চাষ;

গ) জলাবদ্ধ ও বন্যা প্রবণ এলাকায় পানি-সহিষ্ণু ফসল চাষ;

ঘ) খরা প্রবণ এলাকায় খরা-সহিষ্ণু ফসল চাষ;

ঙ) বিপুল ফলন হ্রাস ও ফসল হানি এড়াতে খরার সময় সম্পূরক সেচ প্রদান;

চ) সেচ কাজের জন্য ভূ-নিষ্স্থ পানির পরিবর্তে ভূ-উপরিস্থিত পানির ব্যবহার উৎসাহিতকরণ;

ছ) রাসায়নিক সার ও কীটনাশকের পরিবর্তে জৈব সার ও প্রাকৃতিক পদ্ধতিতে বালাই/কীটনাশকরণ;

জ) বৃক্ষ নিধন করে বা পাহাড় কেটে প্রস্তুতকৃত জমিতে ঋণ প্রদানে ব্যাংকগুলো রক্ষণশীল ভূমিকা গ্রহণ করবে;

ঝ) স্বাভাবিকভাবে বন্যমুক্ত বছরে বাড়ির ভিটায় ফলমূল, শাক-সবজি চাষ, সামাজিক বনায়ন, পশুপালন এবং বসতবাড়িতে হাঁস-মুরগি পালন ও বাগান উন্নয়ন কার্যক্রমে ঋণ সহায়তা অব্যাহত রাখা;

ঞ) জলবায়ু পরিবর্তনজনিত সমস্যা মোকাবেলার জন্য বিকল্প এবং কৌশলগত চাষাবাদের বিভিন্ন পদ্ধতি (যেমন-লবণাক্ত এলাকায় ধানের পর মুগ ডালের চাষ, পাহাড়ের পাদদেশে সরিষার পর খরিপ-১ মৌসুমে বারিমুগ-৫ চাষ, রোপা আমন ধানের সাথে মসুরের সাথী ফসল চাষ (রিলে ক্রপ), শুষ্ক ভূমি অঞ্চলে প্রাইম পদ্ধতিতে মসুর চাষ) অনুসরণ করার জন্য কৃষকগণকে উৎসাহিতকরণ।

জলবায়ু পরিবর্তন মোকাবেলায় যে সকল ফসল কৃষি ঋণ নিয়মাচারে নেই সেগুলিতে ঋণ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কৃষি বিশেষজ্ঞ/কৃষি সম্প্রসারণ কর্মকর্তাদের সাথে পরামর্শক্রমে এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ নিয়মাচার নির্ধারণ করা যেতে পারে।

## ০২। সচেতনতা ও প্রশিক্ষণ

সংশ্লিষ্ট শাখা সমূহ স্ব-স্ব প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মাঝে কৃষি ও পল্লী ঋণ বিষয়ক সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রশিক্ষণ, কর্মশালার আয়োজনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। এ ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ হতে প্রয়োজনীয় কারিগরী সহযোগিতা গ্রহণ করতে পারবে।

## ০৩। তথ্য বিবরণী সরবরাহ

দ্বৈত-গণনা (double-counting) এড়াতে এসএমই খাতে প্রদর্শিত কোনো ঋণ কৃষি খাতে প্রদর্শন করা যাবে না। বিগত কয়েক বছরের ব্যাংকসমূহের কৃষি ও পল্লী ঋণ বিতরণের তথ্য-উপাত্ত তথা গুণগতমান পর্যালোচনায় দেখা গিয়েছে যে, কোন কোন ক্ষেত্রে ঋণ মঞ্জুরি, বিতরণ ও তদসংক্রান্ত বিবরণীতে প্রদত্ত তথ্যের মধ্যে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়। এরূপ কতিপয় বিষয় নিম্নে স্পষ্টীকরণ করা হলো এবং সেই মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও তথ্যবিবরণী সরবরাহ করতে হবেঃ


- (১) কৃষি ও পল্লী ঋণ খাতে চলতি মূলধন হিসেবে সিসি (হাইপো), ওভারড্রাফট, রিভলভিং টাইম লোন হিসেবে মঞ্জুরীকৃত ঋণসমূহের মঞ্জুরিপত্রের অন্যান্য শর্ত যাই থাকুক না কেন, নিয়মিত ঋণের মেয়াদকালীন সময়ে গ্রাহককে প্রদত্ত ঋণ সীমা হতে ব্যবহৃত সর্বোচ্চ পরিমাণ সংশ্লিষ্ট অর্থবছরে একবারই বিতরণ হিসেবে প্রদর্শন করা যাবে এবং ঋণের মেয়াদকালীন সময়ে ঋণ সীমার অবশিষ্ট অংশ ব্যবহার সাপেক্ষে পরবর্তী অর্থবছরে বিতরণ হিসেবে প্রদর্শন করা যাবে। উক্ত ঋণসমূহের ক্ষেত্রে বিতরণকৃত ঋণের বকেয়ার সর্বোচ্চ স্থিতি (highest outstanding balance) বিতরণ হিসেবে বিবেচনা করতে হবে।

চলমান পাতা-০২

- (২) ইতোমধ্যে বিতরণকৃত ঋণের স্থিতি সমন্বয়ের উদ্দেশ্যে কোনো ঋণ মঞ্জুর করা হলে উক্ত ঋণ নতুন কৃষি ও পল্লী ঋণ বিতরণ হিসেবে প্রদর্শন করা যাবে না।
- (৩) ঋণ অধিগ্রহণের ক্ষেত্রে প্রথম ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণ ও অধিগ্রহণের জন্য দ্বিতীয় ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণ একই অর্থবছরে হলে দ্বিতীয় ব্যাংক কর্তৃক অধিগ্রহণকৃত ঋণ কৃষি ও পল্লী ঋণ হিসেবে প্রদর্শন করা যাবে না।
- (৪) পুনঃতফসিলীকরণের উদ্দেশ্যে মঞ্জুরিকৃত ঋণ কৃষি ও পল্লী ঋণ হিসেবে প্রদর্শন করা যাবে না।
- (৫) পোল্লি ও মৎস্য খামারের জন্য খাদ্য তৈরীর কাঁচামাল, ঔষধ ইত্যাদি আমদানীর উদ্দেশ্যে এলসি মূল্য পরিশোধের নিমিত্তে মঞ্জুরিকৃত ঋণ মঞ্জুরীকালীন সময়ের মধ্যে একবারই বিতরণ প্রদর্শন করা যাবে।
- (৬) চলতি মূলধন হিসেবে বিতরণকৃত সিসি (হাইপো), ওভারড্রাফট, রিভলভিং টাইম লোন প্রকৃতির ঋণসমূহ ফসল, মৎস্য সম্পদ ও প্রাণিসম্পদ খাতে উৎপাদনের সাথে প্রত্যক্ষভাবে জড়িত এমন ঋণ ব্যতীত অন্যান্য খাতে বিতরণকৃত ঋণ কৃষি ও পল্লী ঋণ হিসেবে গ্রহণযোগ্য হবে না।
- (৭) বিতরণকৃত ঋণ মঞ্জুরিকৃত মেয়াদের মধ্যে গ্রাহক কর্তৃক পরিশোধকৃত না হলে উক্ত ঋণ পরিশোধ/সমন্বয়ের উদ্দেশ্যে মেয়াদ বৃদ্ধি করা হলে বর্ধিত মেয়াদের মধ্যে উক্ত ঋণকে নতুন ঋণ বিতরণ হিসেবে প্রদর্শন করা যাবে না।  
এছাড়া জেলা কৃষি ঋণ কমিটির সভায় তথ্য প্রেরণের বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থাসমূহ গ্রহণ করতে হবেঃ
- (ক) জেলা কৃষি ঋণ কমিটির সভায় উপস্থাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল ব্যাংককে জেলার লীড ব্যাংক বরাবর যথাসময়ের মধ্যে তথ্য প্রেরণ করতে হবে।
- (খ) কৃষি ও পল্লী ঋণ নীতিমালা'র আওতায় এমএফআই লিংকেজ এর মাধ্যমে যে সকল জেলায় ঋণ বিতরণ করা হয়েছে সে সকল জেলার ব্যাংকের সংশ্লিষ্ট শাখা উক্ত বিতরণকৃত কৃষি ও পল্লী ঋণের তথ্যাদি জেলা কৃষি ঋণ কমিটির সভায় সরবরাহ করবে।  
এছাড়াও বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় যাচিত কৃষি ও পল্লী ঋণ সংক্রান্ত তথ্য দ্রুততম সময়ে প্রদান করতে হবে।

০৪। উপরোক্ত নির্দেশনা সমূহের জন্য বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং-০১, তারিখঃ ২৯ জুলাই, ২০২১ মোতাবেক জারীকৃত “২০২১-২০২২ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি” এর অনুচ্ছেদ নং- ১৩.০০, ১৪.০০ এবং ১৫.০০ প্রযোজ্য।

০৫। উপরোক্ত নির্দেশনা সমূহ যথাযথ ভাবে অনুসরণ করে কৃষি ঋণ বিতরণ এবং মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(জামিল হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

নং- প্রকা/শানিব্যাউবি-১(০৪)/২০২১-২০২২/৬০৮

তারিখঃ ০৭ নভেম্বর ২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (স্টাফ কলেজসহ), বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করা হলো।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। নথি।



(ওয়ালি-উল-ইসলাম)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা